৯৬

# দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 JUL 1995
পৃষ্ঠা ৩ কলাম ৩

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## '২০ জন মেধাবী ছাত্রের ভর্তির আশু ব্যবস্থা প্রয়োজন'

চট্টগ্রামের বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর এম, এ, আজিজ খান গত শুক্রবার এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০ জন মেধাবী ছাত্রের ভর্তি সংকটের আশু নিরসন করিয়া তাহাদের ভর্তির ব্যবস্থা করার দাবী জানাইয়া বলিয়াছেন, মেধাবী ছাত্রদের সম্ব-

(৪র্থ পৃঃ দ্রঃ)

### ২০ জন মেধাবী

( ৩য় পৃঃ পর )

র্ধনা অনুষ্ঠানে যোগদান করায় এই ২০ জন মেধাবী ছাত্র ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারেন নাই। পরীক্ষা দিয়া অনায়াসেই তাহারা হইতে পারিত।

এই ২০ জন মেধাবী ছাত্রকে কাহারও "রাজনৈতিক" শিকারে পরিণত করা ঠিক হইবে না। কারণ তাহারা নিশ্চয়ই কোন রাজনৈতিক মতাদর্শের অনুসারী নয়।

প্রফেসর এম,এ, আজিজ খান আশা প্রকাশ করেন যে, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলই বিষয়টির সমাধান করিবে। কারণ একাডেমিক কাউন্সিলই বিষয়টি সমাধানের সর্বোত্তম স্থান। প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের সম্মান শ্রেণীর প্রথমবর্ষে ২০টি আসন বৃদ্ধি করিয়া এই ২০ জন ছাত্রকে ভর্তি করা প্রয়োজন। কয়েকটি বিভাগে অতিরিক্ত ২/৩ জন ছাত্র ভর্তি হইলে কোন সমস্যার উদ্ভব হওয়ার আশংকা নাই। তিনি বলেন, এই ২০ জন মেধাবী ছাত্র অবশ্যই জাতির গৌরব ও অহংকার। কারণ ইচ্ছা করিলেই মেধাবী ছাত্র তৈরী করা সম্ভব নয়।